



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লীভবন (৬ষ্ঠতলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৪.১৮-৫৩০

তারিখ: ১৯/০৬/২০১৮খ্রি:।


**বিষয়: সুফলভোগী সদস্যদের উপর প্রকল্প কার্যক্রমের অভিজ্ঞতা মূল্যায়নের জন্য জরিপ কার্যক্রম পরিচালনা।**

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পটি জানুয়ারী/১২-জুন/২০১৮ মেয়াদে বাস্তবায়নধীন রয়েছে। প্রকল্পটি লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী সুফলভোগীদের উপর প্রকল্প কার্যক্রমের প্রভাব নিরূপনের জন্য সুফলভোগী সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার সরেজমিন জরিপকার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। এলক্ষ্যে প্রকল্প হতে সুনির্দিষ্ট মানদণ্ড ভিত্তিক জরিপ ফরম প্রস্তুত করা হয়েছে। উক্ত জরিপ ফরম অনুযায়ী আগামী ২৫/০৬/২০১৮ এর মধ্যে সুফলভোগীদের জরিপ কার্যক্রম নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ পূর্বক পরিচালনা করার জন্য বলা হলো।

**নির্দেশনাসমূহ:**

- ১। প্রকল্প আওতায় যে সকল সদস্য ঋণ/প্রশিক্ষণ অথবা উভয় সুবিধার আওতাভুক্ত হয়েছেন সেসকল সদস্যকে জরিপ কার্যক্রমের আওতাভুক্ত হবে।
- ২। জরিপ ফর্মের সকল তথ্য যথাযথভাবে পূরন করতে হবে। জরিপ কার্যক্রম সরেজমিনে পরিচালনা করতে হবে এবং সুফলভোগী সদস্যদের স্বাক্ষর আবশ্যিকভাবে গ্রহন করতে হবে।
- ৩। প্রকল্পে মাঠ সংগঠকগণ তার ব্লক ভুক্ত সকল সদস্যের জরিপ করবেন এবং প্রকল্পের এআরডিও সংগৃহিত তথ্যসমূহ নিশ্চিত হয়ে মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ক্ষেত্রে তিনি যাচাই বাছাই করবেন।
- ৪। জরিপ কার্যক্রমে সুফলভোগী সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার সঠিক প্রতিফলন থাকতে হবে।
- ৫। জরিপ কার্যক্রম সমাপ্তির পর জরিপ ফলাফল প্রেসক্রাইবড ফরম্যাটে (যথাসময়ে প্রেরণ করা হবে) প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বর্ণিত জরিপ কার্যক্রমে মাঠ সংগঠক প্রতি সদস্যের তথ্য সংগ্রহের বিপরীতে ২.৫০ টাকা, এআরডিও ১.০০ টাকা ও তথ্য সমন্বয় বাবদ ইউআরডিও ১.০০ টাকা হারে এবং সংগৃহিত তথ্য পরবর্তিতে সফটওয়্যারে এন্ট্রি বাবদ হিসাব সহকারী ১.৫০ টাকা হারে পারিশ্রমিক প্রাপ্য হবেন, অবশিষ্ট অর্থ জরিপ ফর্ম ফটোকপি/মুদ্রণ বাবদ ব্যয় করা যাবে। জরিপ খাতে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না।

সংযুক্ত: বর্ণনামতে ১ প্রস্থ জরিপ ফরম।

  
প্রকৌশলী মোহাম্মদ রাহেম আলম  
প্রকল্প পরিচালক  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

..... উপজেলা..... জেলা (প্রকল্পভুক্ত ৫৯ উপজেলা)।

**অনুলিপি:**

- ১। পরিচালক (পরিচালনা), বিআরডিবি, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক, বিআরডিবি,..... (প্রকল্প ভুক্ত সকল জেলা)।
- ৪। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।